

Times Today BD

আশিকুর রহমান শান্ত | দেশজুড়ে | 22 June, 2025

পুলিশের অতিরিক্ত আইজিপি আবু নাসের মোহাম্মদ খালেদ বলেছেন, বিগত বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন পুলিশের চোখে আঙ্গুল দিয়ে ভুল গুলো ধরিয়ে দিয়েছে। ৫ আগস্টের পর কয়েক দিন পুলিশ কর্মবিরতি দিয়েছিলো। আমরা দায়িত্ব নেয়ার পর নতুনভাবে পুলিশবাহিনী কার্যক্রম চালিয়ে যাচ্ছে। আগামীতে জাতীয় সংসদের নির্বাচন অনুষ্ঠিত হবে। আগামীর জাতীয় নির্বাচন হবে পুলিশ বাহিনীর কলঙ্ক মুহার নির্বাচন।

রোববার সকালে টাঙ্গাইলের মহেড়া পুলিশ ট্রেনিং সেন্টারের প্যারেড মাঠে ৫৫ তম টিআরসির সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

নতুন পুলিশ সদস্যদের উদ্দেশ্যে তিনি বলেন, পুলিশ নিয়ে সাধারণত মানুষ যে ভুল ধারণা গুলো রয়েছে, তা ভালো কাজের মাধ্যমে প্রমাণ করতে হবে। আগের যে কোন সময়ের যে বর্তমানে পুলিশ বাহিনীকে আরও যুগোপযোগী করে গড়ে তোলা হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন মহেড়া পুলিশ ট্রেনিং সেন্টারের কমান্ড্যান্ট ডিআইজি আশরাফুল আলম, ডেপুটি কমান্ড্যান্ট এ এইচ এম কামরুজ্জামান বিপিএম, টাঙ্গাইলের পুলিশ সুপার মো. মিজানুর রহমান প্রমুখ।

সমাপনী কুচকাওয়াজে ৮১৭ সদস্য অংশ নেয়।

আইজিপি, পুলিশ ট্রেনিং

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:31

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/5061093540>